মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা আটক

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতাকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। গতকাল রোববার (১৩ এপ্রিল) রাতে আনন্দবাস গ্রামে নিজ বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়।

মুজিবনগর থানা সূত্রে জানা গেছে, থানায় দায়েরকৃত একটি চাঁদাবাজির মামলায় তাকে আটক করা হয়েছে।

রফিকুল ইসলাম তোতা মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের মৃত ইজ্জত আলী ডাক্তারের ছেলে। তিনি মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছিলেন।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান জানান, রোববার রাতে সাইবার ক্রাইম ইউনিট, ডিবি এবং থানা পুলিশের যৌথ অভিযানে তাকে আটক করা হয়। পরে সোমবার সকালে তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

মেহেরপুর সদরের সিংহাটিতে ৯ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন

মেহেরপুর সদর উপজেলার বারাদী ইউনিয়নের ৯ নং ওয়ার্ড (পুর্ব সিংহাটি ও শিমুলতলা) বিএনপি’র ওয়ার্ড সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার বিকেলে পূর্ব সিংহাটি সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে ৫১ সদস্য বিশিষ্ট ওয়ার্ড বিএনপি’র কমিটি গঠন করা হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য ওমর ফারুক লিটনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য হাফিজুর রহমান হাফি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি আজমল হক মিন্টু ও জেলা জাসাস -এর নেতা বাঁকা বিল্লাহ। এসময় বিনা

প্রতিদ্বন্দ্বীতায় ওয়ার্ড কমিটির সভাপতি আলী হোসেন মেম্বার ও আহসান হাবীব সাধারণ সম্পাদক মনোনীত হয়।

এ সময় উপস্থিত নেতাকর্মীরা হাত উত্তোলনের মাধ্যমে তাদের সমর্থন জানান। অনুষ্ঠানে ইউনিয়ন বিএনপি’র বিভিন্ন অংশ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। পরে নির্বাচিত প্রার্থীদেরকে ফুলের মালা পরিয়ে অভিনন্দন জানানো হয়।

গাংনীতে কৃষক লীগ নেতা লিখন গ্রেপ্তার

মেহেরপুর জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক সাবেক ভিপি ওয়াসিম সাজ্জাদ লিখনকে গ্রেপ্তার করেছে পুলিশ।
আজ ১৩ই এপ্রিল রবিবার সন্ধ্যায় গাংনী উপজেলার চিৎলা গ্রামের তার নিজ বাড়ি থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

ওয়াসিম সাজ্জাদ লিখন গাংনী উপজেলার চিতলা গ্রামের সাবেক চেয়ারম্যান প্রয়াত গোলাম সরওয়ারের ছেলে। ওয়াসিম সাজ্জাদ লিখন মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি ও জিএস।
গাংনী থানা সুত্রে জানা গেছে, আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশের চলমান বিশেষ অভিযানের অংশ হিসেবে গাংনী থানা পুলিশের একটি দল চিতলা গ্রামে অভিযান চালায়। অভিযানে ওয়াসিম সাজ্জাদ লিখনকে গ্রেফতার করে জিজ্ঞাসাবাদের জন্য গাংনী থানায় নেওয়া হয়।
বিষয়টি নিশ্চিত করে গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানি ইসরাইল জানান, ওয়াসিম সাজ্জাদ লিখনকে বিভিন্ন বিষয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। এলাকার স্বাভাবিক পরিস্থিতি অস্বাভাবিক করার লক্ষ্যে তার সম্পৃক্ততার অভিযোগ রয়েছে। একটি মামলার আসামি হিসেবে তাকে গ্রেফতার করা হয়েছে। সোমবার তাকে মেহেরপুর আদালতে সোপর্দ করা হবে।

মেহেরপুর জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মহা: আব্দুস সালাম আটক

মেহেরপুর জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সদস্য অ্যাড. মহা.আব্দুস সালামকে গ্রেপ্তার করেছে পুলিশ।

শনিবার দিবাগত মধ্যরাতে শহরের বড়বাজার তাঁর নিজবাসভবনে অভিযান চালিয়ে ডিবি পুলিশ তাকে গ্রেপ্তার করে। তাঁকে বর্তমানে মেহেরপুর সদর থানা হেফাজতে রাখা হয়েছে।

অ্যাড. মহা. আব্দুস সালাম কেন্দ্রীয় ছাত্রলীগের সহসভাপতি ও রাজশাহী বিশ্ব বিদ্যালয় ছাত্রলীগের সভাপতি ছিলেন।

মেহেরপুর সদর থানার ওসি মেছবাহ উদ্দিন বলেন, ডিবি পুলিশ তাকে আটক করে থানা হেফাজতে দিয়েছে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মামলায় তাঁকে গ্রেপ্তার দেখিয়ে আদালতে পাঠানোর প্রক্রিয়া চলছে।

মেহেরপুরের বারাদীতে জামায়াতে ইসলামীর গণসংযোগ ও পথসভা

মেহেরপুর সদর উপজেলার বারাদী বাজারে জামায়াতে ইসলামী বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার আয়োজনে গণসংযোগ ও পথসভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বিকেলে বারাদী বাজারের ব্যবসায়ীদের সাথে কুশল বিনিময় ও গণসংযোগ করেছে জেলার নেতৃবৃন্দ।

মেহেরপুর জেলা জামায়াতের আমির মাওলানা তাজউদ্দীন খানের নেতৃত্বে গণসংযোগে অংশগ্রহণ করেন সদর উপজেলা আমির সোহেল রানা সাধারণ সম্পাদক আব্দুল জব্বার, বারাদী ইউনিয়ন আমির মাওলানা আসাদুজ্জামান। জামায়াতে ইসলামী বাংলাদেশ কেন্দ্র ঘোষিত পাক্ষিক কর্মসূচির অংশ হিসেবে দ্বিতীয় দিনের মত বারাদীতে গণসংযোগ

কর্মসূচি পালন করেন।

গণসংযোগ কালে জেলা জামায়াতের আমির মাওলানা তাজ উদ্দিন খান বলেন, মানুষের ইতিবাচক সাড়া পেয়ে আমরা সন্তুষ্ট, মানুষের আশা- আকাঙ্ক্ষা অনেক ভালো, মানুষ চায় আগামী দিনের পরিবর্তন ন্যায় ও ইনসাফ ভিত্তিক একটি সমাজ, একটি কল্যাণকর রাষ্ট্র বিনির্মাণের জন্য সবার আশা আকাঙ্ক্ষা আমরা দেখেছি আপনাদের কাছে আমরা দোয়া চাচ্ছি আগামী দিন পরিবর্তনের জন্য।

পরে বাদ মাগরিব বারাদি ইউনিয়নের সিংহটি পূর্বপাড়ায় একটি পথসভা অনুষ্ঠিত হয়। এ সময় উপস্থিত ছিলেন মাওলানা মজিবর রহমান, আব্দুর রাজ্জাক, মিয়ারুল ইসলাম সহ আরো অনেকে।

ফিলিস্তিনে গণহত্যার প্রতিবাদে মেহেরপুরে বিএনপির গণমিছিল

গাজা ও রাফায় ইসরায়েলি বর্বরোচিত গণহত্যা বন্ধের দাবিতে, নির্যাতিত ফিলিস্তিনিদের প্রতি সংহতি জানিয়ে ও ইসরায়েলি আগ্রাসনের প্রতিবাদে মেহেরপুর জেলা বিএনপি এক গণমিছিলের আয়োজন করে।

শনিবার বিকেল ৫টার দিকে কেন্দ্রীয় বিএনপির নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে মেহেরপুর শহরের বামুনপাড়া পন্ডের ঘাট এলাকা থেকে মিছিলটি বের হয়। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কাথুলি বাসস্ট্যান্ডে গিয়ে শেষ হয়।

গণমিছিলে গাজায় ইসরায়েলি গণহত্যার প্রতিবাদে নানা ধরনের স্লোগান দেওয়া হয়।

এ সময় মিছিলে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপির সাবেক দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, পৌর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আবু

ওবাইদুল্লাহ সেন্টু, সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা জাসাসের সভাপতি মাহফুজুর রহমান অশেষ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজি,সহ জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ।

এর আগে পন্ডের ঘাট এলাকায় মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাসের সভাপতিত্বে এক বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন বলেন, “ফিলিস্তিনে অবিলম্বে গণহত্যা বন্ধ করতে হবে। জাতিসংঘকে অবশ্যই ইসরায়েলের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নিতে হবে। সারা বিশ্বের মুসলিম উম্মাহকে ঐক্যবদ্ধ হয়ে ইসরায়েলকে রুখে দাঁড়াতে হবে। ইসরায়েলের পণ্য বর্জন করতে হবে।”

মুজিবনগরের বাগোয়ানে ওয়ার্ড বিএনপির সম্মেলন

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ২ ও ৩ নম্বর ওয়ার্ড বিএনপির সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১২ এপ্রিল) বিকেল ৫টায় বাগোয়ান ইউনিয়ন বিএনপির আয়োজনে ভবরপাড়া আম্রকানন স্কুলপাড়ায় এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনে মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন। বিশেষ অতিথি ছিলেন জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য আলমগীর খান সাতু, মশিউর রহমান, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, মোনাখালী ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক রাইহান

কবির, মহাজনপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আশরাফুল হক কালু, বিএনপি নেতা সোনা গাইন, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক লিংকন, ওমর ফারুকসহ স্থানীয় বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

সম্মেলনে ২ নম্বর ওয়ার্ড বিএনপির নতুন কমিটির সভাপতি নির্বাচিত হন ছমির উদ্দিন মোল্লা এবং ৩ নম্বর ওয়ার্ডে সভাপতি নির্বাচিত হন রবিউল ইসলাম, সাধারণ সম্পাদক আলমগীর হোসেন।

হরিনাকুণ্ডু মহিলা দলের কর্মী সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিনাকুন্ডুতে জাতীয়তাবাদী মহিলা দলের কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১২এপ্রিল) বেলা ১১টায় হরিনাকুন্ডু উপজেলা ও পৌর মহিলা দলের আয়োজনে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে এ কর্মী সভা অনুষ্ঠিত হয়।

সেসময় কর্মী সভায় হরিনাকুন্ডু উপজেলার বিভিন্ন ইউনিয়নের ৫ শতাধিক নারী কর্মী অংশ নেন।

এতে প্রধান অতিথি হিসেবে জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এমএ মজিদ বিশেষ অতিথি হিসেবে হরিনাকুন্ডু উপজেলা বিএনপির সভাপতি আবুল হোসেন মাস্টার, সাধারণ সম্পাদক তাইজাল হোসেন, জেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক সহকারী অধ্যাপক কামাল হোসেন, পৌর বিএনপির সভাপতি জিন্নাতুল হক খান, মহিলা দলের আহ্বায়ক মোছা. সেলিনা খাতুনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, মহিলা দলের বিভিন্ন ইউনিটের ভবিষ্যৎ কর্মপদ্ধতি, সাংগঠনিক তৎপরতা ও নির্বাচন কেন্দ্রীক সার্বিক প্রস্তুতির বিষয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান।

মেহেরপুরের আমদহ ইউনিয়নের ৮ ও ৯ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের ৮ও ৯ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকেল পাঁচটার দিকে মেহেরপুর সদর উপজেলা আমদহ ইউনিয়ন বিএনপি’র আয়োজনে ইসলামপুর ব্রিজের পাশে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলন অনুষ্ঠানে মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য আলমগীর খান সাতুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, যুগ্ম আহবায়ক ফয়েজ মোহাম্মদ। সম্মেলন অনুষ্ঠানে এ সময় আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য মশিউর রহমান, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লা, জেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রহিম, লিটন মাস্টার, আব্দুল লতিফ, বখতিয়ার, ইলিয়াস হোসেন, সৌরভ সহ আমদহ ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সম্মেলন অনুষ্ঠান সঞ্চালনা করেন মেহেরপুর সদর উপজেলার সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম রিপন। মেহেরপুর সদর উপজেলা আমদহ ইউনিয়নের ৮ নং ওয়ার্ড বিএনপি’র নতুন কমিটির সভাপতি মনিরুজ্জামান মিন্টু, সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম ও ৯ নং ওয়ার্ড বিএনপি’র সভাপতি হারুনুর রশিদ, সাধারণ সম্পাদক হামিদুল নির্বাচিত হন।

মেহেরপুরের সিংহাটিতে ওয়ার্ড বিএনপি’র কমিটি গঠন

মেহেরপুর সদর উপজেলার বারাদি ইউনিয়নের ৭ নং ওয়ার্ড (পূর্ব সিংহাটি ও পুরাতন দরবেশপুর) বিএনপি’র ওয়ার্ড কমিটি গঠন করা হয়েছে।

আজ শুক্রবার বিকেলে সিংহাটি সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে ৫১ সদস্য বিশিষ্ট ওয়ার্ড বিএনপি’র কমিটি গঠন করা হয়। মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য ওমর ফারুক লিটনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য হাফিজুর রহমান হাফি।

এ সময় উপস্থিত ছিলেন, বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার এসএসএফ (স্পেশাল সিকিউরিটি ফোর্স) অবসরপ্রাপ্ত সেনা সদস্য ক্যাপ্টেন গনিউল আজম। এসময় উপস্থিত নেতৃবৃন্দের সমর্থনে ওয়ার্ড কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক মনোনীত করা হয়। সভাপতি পদে জিনারুল ইসলাম, আবুল কাশেম, ফজলুর রহমান, সাধারণ সম্পাদক পদে জিহাদুল ইসলাম ও মিজানুর রহমান প্রতিদ্বন্দ্বিতা করেন।

এ সময় উপস্থিত নেতৃবৃন্দের হাত উত্তোলনের মাধ্যমে জিনারুল ইসলাম সভাপতি ও জিহাদুল ইসলাম সাধারণ সম্পাদক নির্বাচিত হয়। পরে সিনিয়র সহ-সভাপতি মাহবুব মল্লিক, যুগ্ম সাধারণ সম্পাদক বাদশা মিয়া ও আব্দুর রাজ্জাককে সাংগঠনিক সম্পাদক মনোনীত করা হয়। এ সময় ইউনিয়ন বিএনপি’র বিভিন্ন অংশ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। পরে নির্বাচিত প্রার্থীদেরকে ফুলের মালা পরিয়ে অভিনন্দন জানানো হয়।